

স্মারক নং- ৫৯.১৪.১৩০০.১৬০.০০০.০৬.০০০১.২৪. ১৫২

তারিখ : ২৭/০৭/২০২৪ খ্রিঃ

অফিস আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, চিকিৎসা শিক্ষা-১ অধিশাখার স্মারক নং- ৫৯.০০.০০০০.১৪০.১৯.২০২.২০১৮.৩৭৭, তারিখ : ৩০/০৯/২০২০ খ্রিঃ মোতাবেক চিকিৎসা শিক্ষায় বেসিক সাবজেক্টের শিক্ষক সংকট দূরীকরণের নিমিত্তে দেশের সরকারি মেডিকেল কলেজ সমূহে কর্মরত বেসিক সাবজেক্টের (এনাটমি, ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি, ফরেনসিক মেডিসিন, কমিউনিটি মেডিসিন, ফার্মাকোলজি এন্ড থেরাপিউটিক্স, মাইক্রোবায়োলজি, প্যাথলজি ও এনেসথেসিওলজি) শিক্ষকগণকে অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৫৫.০১০.১৩ (অংশ-২).৮৬, তারিখ : ১৮/০৮/২০১৯ খ্রিঃ মারফত মঞ্জুরকৃত নির্ধারিত হারে শর্ত সাপেক্ষে মাসিক প্রণোদনা ভাতা প্রদানের সরকারি প্রজ্ঞাপন জারি করা হয়। মন্ত্রণালয়ের উক্ত প্রজ্ঞাপনের শর্তাবলীর আলোকে চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর এর বেসিক সাবজেক্টের শিক্ষকগণকে প্রণোদনা (নন- প্র্যাকটিসিং ভাতা) প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে "নন-প্র্যাকটিসিং প্রণোদনা যাচাই-বাছাই কমিটি" গঠন করা হইল।

কমিটি নিম্নরূপ :

- | | |
|---|--------|
| ১। অধ্যাপক ডাঃ মোহাম্মদ আক্তারুজ্জামান
ইএনটি বিভাগ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর। | সভাপতি |
| ২। সহযোগী অধ্যাপক ডাঃ মোঃ মিজানুর রহমান
প্যাথলজি বিভাগ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর। | সদস্য |
| ৩। সহকারী অধ্যাপক ডাঃ মোহাম্মদ নুরুল আলম
বায়োকেমিস্ট্রি বিভাগ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর। | সদস্য |

নন-প্র্যাকটিসিং ভাতা পেতে ইচ্ছুক বেসিক সাবজেক্টের শিক্ষকগণকে আগামী ১২/০৮/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে উপরোক্ত কমিটির নিকট নন-প্র্যাকটিসিং অঙ্গীকারনামা সহ আনুসঙ্গিক প্রয়োজনীয় কাগজপত্রাদি ০৩ (তিন) সেট করে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

উক্ত কমিটিকে মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনের আলোকে মাসিক প্রণোদনা ভাতা প্রদানের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন পূর্বক সকল কাগজপত্র যাচাই বাছাই করিয়া আবেদনকৃত শিক্ষকগণকে উক্ত প্রণোদনা ভাতা প্রদানের বিষয়ে মতামত/সুপারিশ করার জন্য অনুরোধ করা হইল।

(অধ্যাপক ডাঃ সাহেলা নাজনীন)
অধ্যক্ষ

চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।

ফোনঃ ০৩৩৪৪-৮৭০৪৩

e-mail: chmc@ac.dghs.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.১৩০০.১৬০.০০০.০৬.০০০১.২৪. ১৫২/২০

তারিখ : ২৭/০৭/২০২৪ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ২। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ৩। উপসচিব, চিকিৎসা শিক্ষা-১ অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপাধ্যক্ষ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।
- ৫। বিভাগীয় প্রধান (এনাটমি/ফিজিওলজি/বায়োকেমিস্ট্রি/ফরেনসিক মেডিসিন/কমিউনিটি মেডিসিন/ফার্মাকোলজি এন্ড থেরাপিউটিক্স/ মাইক্রোবায়োলজি/প্যাথলজি/এনেসথেসিওলজি, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর। আপনার বিভাগের সকল শিক্ষকগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হইল।
- ৬। অধ্যাপক ডাঃ মোহাম্মদ আক্তারুজ্জামান, ইএনটি বিভাগ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।
- ৭। সহযোগী অধ্যাপক ডাঃ মোঃ মিজানুর রহমান, প্যাথলজি বিভাগ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।
- ৮। সহকারী অধ্যাপক ডাঃ মোহাম্মদ নুরুল আলম, বায়োকেমিস্ট্রি বিভাগ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।
- ৯। অফিস কপি।

(অধ্যাপক ডাঃ সাহেলা নাজনীন)